DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 15 Jul 2026, 11:37 AM

বিনোদন

# ভিলেন□ হতে চান পূর্ণিমা

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৪ জুলাই ২০২৬, ০৬:৪১ PM



ছবি: সংগৃহীত

রোম্যান্টিক নায়িকা বলতে যা বোঝে দর্শক, দিলারা হানিফ পূর্ণিমা যেন তা-ই। প্রায় দিন দশকের ক্যারিয়ারে বেশিরভাগ সময় তাকে □মিষ্টি□ চরিত্রেই দেখেছে দর্শক। নেতিবাচক কিংবা ডার্ক শেডের কোনো চরিত্রে সেভাবে পাওয়া যায়নি।

সে অপূর্ণতা অনুভব করেন খোদ পূর্ণিমাও। তাই ক্যারিয়ারের এ পর্যায়ে এসে তার ইচ্ছে, ভিলেন বা খল চরিত্রে অভিনয় করার। সম্প্রতি নিজের জন্মদিন উপলক্ষে চ্যানেল আইয়ের বিশেষ অনুষ্ঠানে গিয়ে এ কথা জানিয়েছেন অভিনেত্রী।

পূর্ণিমা বলেন, □আমার খুব ইচ্ছা খলনায়িকা বা ভিলেন টাইপ চরিত্রে অভিনয় করার। পর্দায় এমন একটি চরিত্র ফুটিয়ে তুলতে চাই, যার প্রতি মানুষের তীব্র ঘৃণা তৈরি হবে।□

পূর্ণিমার ধারণা, তার চেহারার কোমলতার কারণেই নির্মাতারা তাকে কখনো নেতিবাচক চরিত্রে ভাবেননি। অভিনেত্রীর ভাষ্য, এখন পর্যন্ত খলচরিত্রে অভিনয় করা হয়নি আমার। আমাকে নিয়ে হয়তো কেউ তেমনটা চিন্তাই করেননি। সবাই ভাবেন আমার চেহারার সঙ্গে নেতিবাচক চরিত্র ঠিক জমবে না। দর্শকেরা আমাকে রোমান্টিক ও পরিপাটি লুকে দেখতেই অভ্যস্ত। তবে এবার এর বিপরীতে কিছু হলে খুব ভালো হতো।

প্রসঙ্গত, অভিনয়ে অনেক বছর ধরেই অনিয়মিত পূর্ণিমা। মাঝে তাকে দুটি ওটিটি কনটেন্টে দেখা গিয়েছিল, তাও বছর তিনেক আগে। এরপর টুকটাক সঞ্চালনায় দেখা দেন মনের মাঝে তুমি অভিনেত্রী।

---

## এ বিভাগের আরও খবর



### শিক্ষা খাত পুনর্গঠনে বিশ্বনেতাদের এগিয়ে আসার আহ্বান শাকিরার

ভেনেজুয়েলার শিক্ষা খাত পুনর্গঠনে বিশ্বনেতাদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন কলম্বিয়ান পপসম্রাজ্ঞী শাকিরা। গত ২৪ জুনের প্রলয়ংকরী ভূমিকম্পে শিক্...



### বাংলার পর্যটনশিল্পের নতুন মুখ সানি লিওন

সানি লিওন নাকি মন্দারমণিতে। এমন খবরে নেটিজেনদের মাঝে শোরগোল। একবার পছন্দের অভিনেত্রীর দর্শন কি পেতে পারেন তার ভক্ত-অনুরাগীরা? এ নিয়ে সামাজি...



**প্রথমবার একসঙ্গে বড় পর্দায় আরিফিন শুভ ও কেয়া পায়েল**
ঢালিউডের জনপ্রিয় চিত্রনায়ক আরিফিন শুভ এবং ছোট পর্দার তুমুল জনপ্রিয় অভিনেত্রী কেয়া পায়েল প্রথমবার একসঙ্গে জুটি বেঁধে বড় পর্দায় আসছেন। ওটিটি প...



**বিশ্বকাপ ফুটবল: কোন তারকা কোন দলের সমর্থক?**
বিশ্বকাপ ফুটবল ঘিরে উন্মাদনা শুরু হলেই বাংলাদেশ যেন রঙে রঙে ভাগ হয়ে যায়। দেশের অলিগলি থেকে শুরু করে সামাজিক যোগাযোগমাধ্যম সবখানেই চলে প্রিয়...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/entertainment/bhilen-hte-chan-purnima